# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১০৯৩

১/ বিবিধ

আরবী

يأتي على الناس زمان يحج أغنياء أمتي للنزهة، وأوساطهم للتجارة وقراؤهم للرياء والسمعة، وفقراؤهم للمسألة
ضعيف

أخرجه الخطيب (10/296) ومن طريقه ابن الجوزي في " منهاج القاصدين " (1/64/1 ـ 2) : حدثنا أبو القاسم عبد الرحمن بن الحسن السرخسي ـ قدم علينا الحج ـ قال: حدثنا إسماعيل بن جميع، قال: حدثنا مغيث بن أحمد عن فرقد السبخي، كذا وفي " المنهاج " مغيث بن أحمد البلخي قال حدثني سليمان بن عبد الرحمن عن مخلد بن عبد الرحمن الأندلسي عن محمد بن عطاء الدلهي ليس في " المنهاج " الدلهي عن جعفر ابن سليمان قال: حدثنا ثابت عن أنس بن مالك مرفوعا
قلت: وهذا إسناد مظلم، كل من دون جعفر بن سليمان لم أجد له ترجمة، سوى شيخ الخطيب عبد الرحمن بن الحسن، فإنه أورده في " تاريخه " وساق له هذا الحديث، ولم يزد! والحديث أورده السيوطي في " الجامع الكبير " (3/76/1 9 من رواية الخطيب والديلمي

বাংলা

১০৯৩। লোকদের নিকট এমন এক যুগ আসবে যখন আমার উম্মাতের ধনীরা আমোদ-প্রমোদের জন্য হাজ্জ করবে, তাদের মধ্যবিত্তরা ব্যবসার জন্য হাজ্জ করবে, তাদের কারীগণ লোক দেখানো ও খ্যাতির জন্য হজ্জ করবে এবং তাদের দরিদ্ররা ভিক্ষার জন্য হজ্জ করবে।

হাদীসটি দুর্বল।

এটি আলখাতীব (১০/২৯৬) ও তার সূত্রে ইবনুল জাওযী "মিনহাজুল কাসেদীন" গ্রন্থে (১/৬৪/১-২) আবুল কাসেম আব্দুর রহমান ইবনুল হাসান সারখাসী হতে, তিনি ইসমাঈল ইবনু জামী’ হতে, তিনি মুগীস ইবনু আহমাদ হতে, তিনি ফারকাদ আস-সাখাবী হতে, তিনি সুলায়মান ইবনু আব্দির রহমান হতে, তিনি মিখলাদ ইবনু আব্দির রহমান হতে, তিনি মুহাম্মাদ ইবনু আতা আদ-দিলিহী হতে তিনি জাফার হতে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি অন্ধকারাচ্ছন্ন। আলখাতীবের শাইখ আব্দুর রহমান ইবনুল হাসান ছাড়া জাফারের নীচের কোন বর্ণনাকারীর জীবনী পাচ্ছি না। হাদীসটি সুয়ূতী “আল-জামেউল কাবীর” গ্রন্থে (৩/৭৬/১) আল-খাতীব ও দায়লামীর বর্ণনায় উল্লেখ করেছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=71972

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন